# এসএসসির ফল প্রকাশের সম্ভাব্য সময় জানাল বোর্ড

অনলাইন ডেস্ক

প্রকাশ: ১৮ জুলাই, ২০২৬ ১২:৪৪



সংগৃহীত ছবি

চলতি বছরের এসএসসি ও সমমান পরীক্ষার ফল পূর্বনির্ধারিত ২০ জুলাই প্রকাশ হচ্ছে না। শিক্ষা বোর্ডগুলো প্রস্তুতি নিলেও প্রশাসনিক ব্যস্ততার কারণে এই তারিখ পিছিয়ে যাচ্ছে।

বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আক্তারুজ্জামান বিষয়টি নিশ্চিত করেছেন।

**আরো পড়ুন**



কুয়েত প্রবাসীদের জন্য জরুরি নির্দেশনা দূতাবাসের

শনিবার (১৮ জুলাই) দুপুরে তিনি জানান, জরুরি প্রশাসনিক কাজে অংশীজনরা ব্যস্ত থাকায় নির্ধারিত সময়ে কাজ শেষ করা যায়নি। তবে ফল প্রকাশে খুব

বেশি বিলম্ব হবে না বলে বোর্ড প্রধান আশ্বস্ত করেছেন। নতুন কোনো নির্দিষ্ট দিনক্ষণ ঘোষণা না করা হলেও চলতি মাসের মধ্যেই ফল প্রস্তুত করা সম্ভব হবে।

শিক্ষা বোর্ড চেয়ারম্যান আশা প্রকাশ করেছেন যে, এ মাসের বাকি দিনগুলোর মধ্যে সব কাজ গুছিয়ে আনুষ্ঠানিকভাবে ফলাফল প্রকাশ করা যাবে।

বোর্ড চেয়ারম্যান জানান, চলতি বছরের এসএসসি ও সমমান পরীক্ষার ফল আগামী ২০ জুলাই প্রকাশের কথা ছিল। শিক্ষামন্ত্রীর নির্দেশনায় শিক্ষা বোর্ডগুলো ফল প্রকাশের প্রস্তুতিও নিচ্ছিল। তবে প্রশাসনিক ব্যস্ততায় তা কিছুটা পিছিয়ে যাচ্ছে।

এ মাসের মধ্যে কাজ গুছিয়ে ফল প্রকাশ করা হবে।